

তারিখঃ ২৯-১১-১৯ (পৃঃ১৫)

## চালের বাজারে কোনো অস্থিরতা নেই: কৃষিমন্ত্রী

গাজীপুর প্রতিনিধি

কৃষিমন্ত্রী মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বড়লোকেরা যে চাল পছন্দ করে সেই চিকন চালের দাম কিছুটা বাড়লেও মোটা চালের দাম তেমন বাড়েনি। কিন্তু মিডিয়ায় পেঁয়াজের বাজারের পাশাপাশি চালের বাজারে অস্থিরতা বিরাজ করছে এমন খবর প্রচার করছে। চালের বাজারে কোথায় অস্থিরতা? চালের বাজারে কোনো অস্থিরতা নেই। মিডিয়ায় চালের মূল্যের অস্থিরতা নিয়ে কেন খবর প্রচার করছে তা আমি ঠিক বুঝতে পারছি না। কৃষকরা যাতে ন্যায্য মূল্য পান তাতে আমন মৌসুমে ছয় লক্ষ টন ধান কৃষকদের কাছ থেকে কেনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। কৃষকের প্রণোদনা এবং কম মূল্যে কৃষি সরঞ্জাম-সার সরবরাহেরও আশ্বাস দেন মন্ত্রী।

বৃহস্পতিবার সকালে কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা-২০১৮-২০১৯-এ যোগ দিতে গিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবেওইসব কথা বলেন। এসময় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. কমলা রঞ্জন দাস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস প্রফেসর ড. এমএ সান্তার মন্ডল, বার্কের নির্বাহী চেয়ারম্যান ড. মো. কবির ইকরামুল হক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. আব্দুল মুঈদসহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।